

2021
ECONOMICS
[GENERAL]

Paper : I

Full Marks : 100

Time : 3 Hours

The figures in the right-hand margin indicate marks.

Candidates are required to give their answers in their own words as far as practicable.

Answer all the questions.

1. Answer any **six** questions: 1×6=6

যে-কোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও :

a) What is savings?

সঞ্চয় কি?

b) What will be the shape of a demand curve when price elasticity of demand is equal to zero?

যখন চাহিদার দামগত স্থিতিস্থাপকতার মান শূন্য তখন চাহিদা রেখার আকার কেমন হবে?

c) When the consumer judges quality of a good by its price then the effect on quantity demanded is known by which effect?

যখন ভোগ দ্রব্যের দামকেই দ্রব্যের গুণাগুণের নির্দেশক বলে মনে করেন তখন চাহিদার পরিমাণের উপর যে প্রভাব পড়ে তাকে কি প্রভাব বলে?

[Turn over]

d) What value does cross price elasticity take in case of mutually complementary goods?

পরস্পর পরিপূরক দ্রব্যের ক্ষেত্রে চাহিদার পারস্পরিক স্থিতিস্থাপকতার মান কত হয়?

e) In which direction the budget line would move when income of the consumer decreases at constant prices?

দাম স্থির রেখে ভোক্তার আয়ের পরিমাণ কমে গেলে বাজেট রেখার অবস্থান কিভাবে পরিবর্তিত হবে?

f) What type of relation is found between total revenue and total cost when abnormal profit is earned?

যখন অস্বাভাবিক মুনাফা অর্জিত হয় তখন মোট আয় ও মোট ব্যয়ের মধ্যে সম্পর্ক কি থাকে?

g) What is the sum of marginal propensity to consume and marginal propensity to save?

প্রান্তিক ভোগ প্রবণতা ও প্রান্তিক সঞ্চয় প্রবণতার যোগফল কত?

h) Does government collected taxes inject into or withdraw from income flow?

সরকার সংগৃহীত কর কি আয়প্রবাহে অনুপ্রবেশ করে না নিষ্কাশিত হয়?

i) Why 'transfer income' is not included in national income?

‘হস্তান্তর আয়’কে কেন জাতীয় আয়ে অন্তর্ভুক্ত করা হয় না?

j) What type of relation is found between real consumption expenditure and real national income?

প্রকৃত ভোগব্যয় ও প্রকৃত জাতীয় আয়ের মধ্যে কি ধরনের সম্পর্ক থাকে?

2. Answer any **eleven** questions: $2 \times 11 = 22$

যে-কোনো এগারোটি প্রশ্নের উত্তর দাও :

a) What is the relation between GNP and NNP?

GNP ও NNP-এর মধ্যে সম্পর্ক কি?

b) Write down the law of demand and explain it.

চাহিদার সূত্রটি লেখ এবং ব্যাখ্যা কর।

c) Write down the formulae of arc and point elasticity of demand.

চাহিদার চাপগত ও বিন্দুস্থ স্থিতিস্থাপকতার সূত্রগুলি লেখ।

d) How far 'market' in economic sense is different from 'market' in common usage?

অর্থনৈতিক জ্ঞানে ‘বাজার’ সাধারণ অর্থে ‘বাজার’ হতে কতটা পৃথক?

e) Define 'Consumer's surplus' with suitable example.

উপযুক্ত উদাহরণসহ ‘ক্রেতার উদ্বৃত্ত’ সংজ্ঞায়িত কর।

f) What is the relation between 'individual demand curve' and 'market demand curve'?

‘ব্যক্তির চাহিদা রেখা’ ও ‘বাজারের চাহিদা রেখা’র মধ্যে সম্পর্ক কি?

g) Define production and production function.

উৎপাদন ও উৎপাদন অপেক্ষকের সংজ্ঞা দাও।

h) Define opportunity cost with suitable example.

উপযুক্ত উদাহরণসহ সুযোগ ব্যয়ের সংজ্ঞা দাও।

i) State the law of variable proportion.

পরিবর্তনীয় অনুপাতের নিয়মটি বিবৃত কর।

j) What is to be added with total disposable income to get the national income?

মোট ব্যয়যোগ্য আয়ের সঙ্গে কি যোগ করলে জাতীয় আয় পাওয়া যায়?

k) Define consumption and consumption function.

ভোগ এবং ভোগ অপেক্ষকের সংজ্ঞা দাও।

l) Define investment and investment function.

বিনিয়োগ ও বিনিয়োগ অপেক্ষকের সংজ্ঞা দাও।

m) What is money? Give some examples of different forms of money.

অর্থ কি? বিভিন্ন ধরনের অর্থের কয়েকটি উদাহরণ দাও।

n) What is a commercial bank? Write the name of a commercial bank of India.

বাণিজ্যিক ব্যাঙ্ক কি? ভারতের একটি বাণিজ্যিক ব্যাঙ্কের নাম লেখ।

o) What is a central bank? Write the name of the central bank of India.

কেন্দ্রীয় ব্যাঙ্ক কি? ভারতের কেন্দ্রীয় ব্যাঙ্কটির নাম লেখ।

3. Answer any **seven** questions: $6 \times 7 = 42$

যে-কোনো সাতটি প্রশ্নের উত্তর দাও :

a) Explain 'Water-diamond paradox'.

'হীরক-জলের আপাত বিরোধিতা'টি ব্যাখ্যা কর।

b) Explain the two concepts— 'Compensating variation in income' and 'Equivalent variation in income for the fall in price' with the aid of diagrams.

চিত্র এঁকে 'দাম কমার ক্ষতিপূরণ বাবদ আয় পরিবর্তন' ও 'দাম কমার সমতুল আয় বৃদ্ধি' ধারণা দুটি বোঝাও।

c) Write a note on different forms of money.

অর্থের বিভিন্ন রূপগুলি সম্পর্কে একটি টীকা লেখ।

d) Discuss the relation between speculative demand for money and the interest rate.

ফাটকার অভিপ্রায়ে অর্থের চাহিদার সঙ্গে সুদের হারের সম্পর্ক নিয়ে আলোচনা কর।

e) State how equilibrium is obtained through savings-investment equality.

সঞ্চয় ও বিনিয়োগের সমতার মাধ্যমে কিভাবে ভারসাম্য আসে তা সংক্ষেপে বর্ণনা কর।

f) Discuss in brief about autonomous investment and induced investment.

স্বয়ম্ভূত বিনিয়োগ ও উদ্ভূত বিনিয়োগ বিষয়ে নাতিদীর্ঘ আলোচনা কর।

g) Write a note on marginal efficiency of capital.

মূলধনের প্রান্তিক দক্ষতা সম্পর্কে একটি টীকা লেখ।

h) What is consumer's surplus? Explain with diagrams.

ক্রেতার উদ্বৃত্ত কি? চিত্রসহ ব্যাখ্যা কর।

i) What is market? How market demand is obtained? Discuss.

বাজার কি? বাজার চাহিদা কিভাবে পাওয়া যায়? আলোচনা কর।

j) Elucidate the two concepts— Opportunity costs and real costs.

সুযোগ ব্যয় ও বাস্তব ব্যয়ের ধারণা দুটি ব্যক্ত কর।

4. Answer any **three** questions: 10×3=30

যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও :

a) Define an indifference curve and an indifference map. What are the characteristics of an indifference curve?

একটি নিরপেক্ষ রেখা এবং একটি নিরপেক্ষ মানচিত্রের সংজ্ঞা দাও। নিরপেক্ষ রেখার বৈশিষ্ট্যগুলি আলোচনা কর।

b) Explain the simple Keynesian Income Determination Model.

সরল কেইনসীয় আয় নির্ধারণকারী মডেলটি ব্যাখ্যা কর।

c) Elucidate the concepts of 'Marginal Product', 'Marginal Revenue Product' and 'Value of Marginal Product'.

‘প্রান্তিক উৎপাদন’, ‘প্রান্তিক আয় উৎপাদন’ এবং ‘প্রান্তিক উৎপাদন মূল্য’ ধারণাগুলি পরিস্ফুট কর।

d) 'Commercial Banks create money' – Explain.

‘বাণিজ্যিক ব্যাঙ্কগুলি অর্থ সৃষ্টি করে’ — ব্যাখ্যা কর।

e) What type of change is noticed in the budget line when price of one commodity increases? What type of change is occurred in the optimal purchase of the consumer due to this change?

একটি দ্রব্যের দাম বেড়ে গেলে বাজেট রেখায় কি পরিবর্তন লক্ষিত হয়? এই পরিবর্তনের ফলে ক্রেতার সর্বোত্তম ক্রয়ে কি পরিবর্তন সংঘটিত হয়?

f) How an investment multiplier works when autonomous investment is increased in a country?

একটি দেশে স্বয়ম্ভূত বিনিয়োগ বৃদ্ধি পেলে কিভাবে একটি বিনিয়োগ-গুণক কাজ করে?